

## ভেষজের মতো তুমি

সপুত্পক, দ্বিবীজপত্রী, বিৎজাতীয় ভেষজের মতো তোমাকে কল্পনা করি  
মনে মনে সাজাই বলি বাঁচো, বহুবর্ষজীবী হয়ে ওঠো;  
পরাগমিলনে দুলে বাতাসে তরঙ্গ তুলে উড়ে যায় জঙ্গল  
সেখানে বালক মছল খায় বসন্তের রাতে লোভী চাঁদ নেমে আসে  
সে চায় পূর্বেজ্জাত ধর্মগুলি যাচাই করে নিতে ;  
বন থেকে তোমাকে পূজো করেছি ভালোবেসে উপুড় করেছি  
প্রেম, দেখো চেয়ে দেখো আমি সেই প্রথম চাষি  
শস্যচাষের বিদ্যা যার কাছে এখনও নিবিড়, পরীক্ষামূলক

তোমাকে প্রণাম করি, গেরস্থের মঙ্গল প্রার্থনা করি, সন্ধ্যাপ্রদীপ দেয় চাষাদের  
বউ  
চাষার মৃত্যু হলে দেখি নিঃসাড় দেহটি  
তোমার সামনে রাখা হয় তোমার পায়ের তলায় মাথা  
এই গ্রামদেশ, এই চাষবাসের জীবনের তোমাকে কল্পনা করি  
রক্তমাংসে উত্তরিত করি।

দ্র পতি

